

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর।
www.naldanga.natore.gov.bd

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৫৫.০০০.০৪.০১৪.২০২০- ৬০৫/১

তারিখঃ

২৮ জ্যৈষ্ঠ ১৪৩০

১১ জুন ২০২৩

বিষয় : উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামোগত উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা এর ৮/০৬/২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(০৬).২০২২-৯৫১৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নধীন জিওবি এবং জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ৪০ (চল্লিশ) লক্ষ টাকা অবকাঠামো উন্নয়নগত উপ-প্রকল্প বাস্তবায়নের বরাদ্দের অনুমোদন প্রদান করা হয়েছে। অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পসমূহ যেভাবে প্রাধিকার দিয়ে নির্বাচন করতে হবে সে সংক্রান্ত একটি সংক্ষিপ্ত নিয়মাবলী উল্লেখ করা হল। উক্ত নিয়মাবলী অনুসরণ করে দক্ষতা উন্নয়নমূলক ও অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবসহ আগামী ২১/০৬/২০২৩ খ্রিঃ তারিখে সময়-সকাল ০৪:০০ টা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হল। এক্ষেত্রে প্রতিটি উপ-প্রকল্পের বাজেট হবে অবকাঠামোগত উন্নয়নমূলক উপ-প্রকল্প সর্বনিম্ন ১০ (দশ) লক্ষ টাকা থেকে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) লক্ষ টাকা।

প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্পসমূহ বিস্তারিত আলোচনা সাপেক্ষে সম্ভাবনা যাচাই, নকশা ও ব্যয় প্রাক্কলন পূর্বক অনুমোদনের জন্য পিএমইউ তে প্রেরণ করা হবে।

অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাব গ্রহণের সময় অনুসরণীয় বিষয়াদি :

পূর্বশর্ত

- ১। উপজেলার সবচাইতে অগ্রাধিকারপ্রাপ্ত ও জনগুরুত্বসম্পন্ন প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে।
- ২। যে সকল প্রতিষ্ঠানে আর্থিক সংগতি যথেষ্ট ভাল নয় এবং অন্য কোন উৎস হতে বরাদ্দ প্রাপ্তির সম্ভাবনা নেই সেসকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দিতে হবে।
- ৩। প্রকল্পসমূহ অধিসংখ্যক মানুষের উপকার হবে এবং দরিদ্র মানুষ উপকৃত হবে।
- ৪। উপ-প্রকল্পসমূহ অব্যবহার্য জনগণের ব্যবহার্য হতে হবে। কোনভাবেই ব্যক্তিগত খাতের প্রকল্প হবে না।
- ৫। রাস্তা নির্মাণ, জাতীয় অবকাঠামো সর্বনিম্ন অগ্রাধিকার পাবে এবং কোনভাবেই এইচবিচি জাতীয় রাস্তার প্রস্তাব অনুমোদন পাবে না।
- ৬। স্কুল বেঞ্চের ক্ষেত্রে অব্যবহার্য Pro-Propylene দ্বারা নির্মিত বেঞ্চের প্রস্তাব করতে হবে। কাঠের বেঞ্চ গ্রহণযোগ্য হবে না।

নেতিবাচক তালিকা

- ১। পরিবেশ/সমাজের উপর ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলবে বা পরিবেশ সংরক্ষণ আইন অনুযায়ী লাল তালিকাভুক্ত প্রস্তাব।
- ২। আবেদনের সময় জমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের কাজ সম্পন্ন হয়নি।
- ৩। উপজেলা পরিষদের প্রশাসনিক ক্ষমতার বাইরের এলাকাধীন সাইট।

নেতিবাচক ব্যয় তালিকা

- ১। জমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের ব্যয়
- ২। বেতন ও ভ্রমন ব্যয়
- ৩। সাংস্কৃতিক কর্মকাণ্ড
- ৪। গবেষণা কার্যক্রম
- ৫। পরিচালন ও রক্ষনাবেক্ষন জনিত ব্যয় (পরিচালন ও রক্ষনাবেক্ষন পরিকল্পনা থাকবে)

.....
নলডাঙ্গা, নাটোর


(রোজিনা আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার

নলডাঙ্গা, নাটোর।

ফোনঃ ০২৫৮৮৮-৭৯৮০১

ই-মেইল- unonaldanga@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। মাননীয় সংসদ সদস্য -৫৯, নাটোর-০২ (নাটোর সদর-নলডাঙ্গা)।
- ২। জেলা প্রশাসক, নাটোর।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
- ৫। মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
- ৬। উপজেলা উন্নয়ন সহায়ক কর্মকর্তা, ইউজিডিপি, নলডাঙ্গা, নাটোর।